

তারিখ
 পৃষ্ঠা ৬ কলাম ১

১০০% বেতনের দাবীতে বক্তব্য রাখাবস্থায় শিক্ষক নেতার মৃত্যু

স্টাফ রিপোর্টার : বেসরকারী শিক্ষকদের
 ১০০% বেতন-ভাতার দাবীতে বক্তব্য রাখা
 অবস্থায়ই আকস্মিক হার্ট এটাকের প্রাণ
 হারালেন শিক্ষক সমিতির নেতা শামসুল
 হক।

বাংলাদেশ শিক্ষক সমিতির (রাষ্ট্র-
 সেলিম) রংপুর জেলা শাখার সাধারণ
 সম্পাদক এবং রংপুরের সমাজকল্যাণ
 বিদ্যালয়ের শিক্ষক শামসুল হক গত
 ৭-এর পুঃ ৩-এর কাঃ দেহুদন

নেতার মৃত্যু ৮-এর পুটার পর

মঙ্গলবার ঢাকায় এসেছিলেন বাজেটে
 শিক্ষকদের ১০০% বেতন-ভাতা ঘোষণার
 দাবীতে আয়োজিত সমিতির কেন্দ্রীয়
 কার্যনির্বাহী কমিটির বৈঠকে অংশ নিতে। ঐ
 দিন সন্ধ্যায় ঢাকার কদমতলা পূর্ব বাসাবো
 উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত শিক্ষক সমিতির
 নির্বাহী কমিটির বৈঠকে বক্তব্য রাখাকালে
 হঠাৎ তিনি হুকে ব্যথা অনুভব করেন এবং
 জ্ঞান হারান। সাথে সাথে তাকে নিকটস্থ
 ইসলামী ব্যাংক হাসপাতালে নেয়া হলে
 কর্তব্যরত ডাক্তাররা তাকে মৃত ঘোষণা
 করেন।